



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৮.১৬-৮৯

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৫

১২ মার্চ ২০১৯

বিষয়: পণ্য/কার্য/সেবা ক্রয় চুক্তি বাস্তবায়নের সুনির্দিষ্ট অভিজ্ঞতার সমর্থনে সনদ প্রদানের ক্ষেত্রে সিপিটিইউ কর্তৃক প্রণীত আদর্শ দলিল এ সংযুক্ত ফরম্যাট অনুসরণ নিশ্চিত করণ সংক্রান্ত সার্কুলার

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সকল ক্রয়কারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিপিটিইউ এর পরিপত্র (স্মারক নং ২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.১৯-১৬, তারিখঃ ২২-০১-২০১৯) অনুযায়ী সকল সরবরাহকারী/ঠিকাদার/পরামর্শককে সুনির্দিষ্ট অভিজ্ঞতার সমর্থনে সনদ প্রদানের ক্ষেত্রে সিপিটিইউ এর প্রণীত আদর্শ দলিল এর ফরম্যাট অনুসরণ করতে হবে।

২। সিপিটিইউ এর আদর্শ দলিল এর ফরম্যাট অনুসরণ করে অভিজ্ঞতার সনদ প্রদানের জন্য একটি **Web Based Application** তৈরি করা হয়েছে। উক্ত **Web Application** এর মাধ্যমে কার্য চুক্তির **Commencement** এবং **Payment Certificate** ও প্রদান করা যাবে। এমতাবস্থায় বাপাউবো এর সকল ক্রয়কারী কে বর্ণিত **Web Application** টি ব্যবহার করে সরবরাহকারী/ঠিকাদার/পরামর্শক এর অভিজ্ঞতা ও অন্যান্য সনদ(প্রযোজ্য ক্ষেত্রে) ইস্যু করার জন্য অনুরোধ করা হলো।

৩। উল্লেখ্য কার্য চুক্তির অভিজ্ঞতার সমর্থনে সনদ প্রদানের ক্ষেত্রে যৌথ উদ্যোগের মাধ্যমে কাজ বাস্তবায়িত হয়ে থাকলে, সনদের নির্ধারিত স্থানে যৌথ উদ্যোগের অংশীদারগণের সম্পাদিত **Activity/Component** এর বিবরণ আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৪। **Web Application** টিতে প্রবেশ করার জন্য বাপাউবো এর ওয়েবসাইটের ডান দিকে আভ্যন্তরীণ ই-সেবা বক্স এর কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল মেনুতে ক্লিক করতে হবে অথবা সরাসরি cpc.bwdb.gov.bd ডোমেইন এ প্রবেশ করতে হবে। **Web Application** টি ব্যবহারের প্রয়োজনীয় **Login** আইডি এবং পাসওয়ার্ড এর জন্য ক্রয়কারীর দাপ্তরিক ইমেইল(বাপাউবো ডোমেইন(bwdb.gov.bd) যুক্ত ইমেইল) থেকে programmer.cpc@bwdb.gov.bd তে ইমেইল করতে হবে।

৫। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১২-৩-২০১৯

মোঃ মনিরুল ইসলাম
পরিচালক

..
..

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৮.১৬-৮৯/১(৭)

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৫
১২ মার্চ ২০১৯

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১) প্রধান/প্রধান প্রকৌশলী/ অতিঃ প্রধান প্রকৌশলী, _____
- ২) প্রকল্প পরিচালক, , _____
- ৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/মুখ্য সম্প্রসারণ কর্মকর্তা, _____
- ৪) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (সার্কুলারটি বাপাউবো ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৬) নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক/উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, _____
- ৭) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক(পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড



১২-৩-২০১৯

মোঃ হাফিজুল আলম
নির্বাহী প্রকৌশলী